# বারিধারা ডিওএইচএস পরিষদ
# ঢাকা সেনানিবাস
# ৬ষ্ঠ কার্যনির্বাহী কমিটির সভার কার্যবিবরণী

১। বারিধারা ডিওএইচএস পরিষদের কার্যনির্বাহী কমিটির ৬ষ্ঠ সভা ১৬ ফেব্রুয়ারি ২০২৬ ইং তারিখ সন্ধ্যা ১৮৪৫ ঘটিকায় পরিষদের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন পরিষদের প্রেসিডেন্ট কর্নেল এম আব্দুল হাই (অবঃ)। সভায় নিম্নেবর্ণিত সদস্যগন উপস্থিত ছিলেন ঃ

| | | |
|---|---|---|
| ক। | কর্নেল এম আব্দুল হাই (অবঃ) | - প্রেসিডেন্ট |
| খ। | ব্রিগেঃ জেনাঃ এম নজীব হাসান, এনডিসি, পিএসসি, জি (অবঃ) | - সিনিঃ ভাইস প্রেসিডেন্ট |
| গ। | কর্ণেল মোহাম্মদ ওয়ালী উল্লাহ (অবঃ) | - ভাইস প্রেসিডেন্ট |
| ঘ। | ব্রিগেঃ জেনাঃ শাহ মোঃ মহিউদ্দিন (অঃ) | - সেক্রেটারী |
| ঙ। | কর্নেল প্রফেসর মোঃ মোশাররফ হোসেন, পিএইচডি (অবঃ) | - জয়েন্ট সেক্রেটারী |
| চ। | গ্রুপ ক্যাপ্টেন এস এম এ খালেদ, এনডিইউ, পিএসসি (অবঃ) | - ট্রেজারার |
| ছ। | লেঃ কর্নেল মোঃ আব্দুর রব (অবঃ) | - মেম্বার সিকিউরিটি |
| জ। | ক্যাপ্টেম এম এম আজিজ, পিএসসি, বিএন (অবঃ) | - মেম্বার এ্যাডমিন |
| ঞ। | মেজর জেনাঃ মোঃ আবুল কালাম আজাদ, পিএইচডি, এমএসসি, এমপিএইচ, এফআরএসপিএইচ (অবঃ) | - মেম্বার মেডিকেল |
| ট। | ডাঃ পারভীন হক চৌধুরী | - সদস্য |
| ঠ। | এয়ার কমডোর এসএমজি ইয়াজদানী, পিএসসি, পিএইচডি (অবঃ) | - সদস্য |
| ড। | মিসেস পারভীন যোবায়দা | - সদস্য |
| ঢ। | গ্রুপ ক্যাপ্টেম এম রফিকুল হক, পিএসসি (অবঃ) | - সদস্য |
| ন। | ক্যাপ্টেন এম ওমর ফারুক (জি), পিএসসি, বিএন (অবঃ) | - সদস্য |
| ত। | লেঃ কর্নেল আব্দুন নুর খান (অবঃ) | - সদস্য |
| থ। | ব্রিগেঃ জেনাঃ এম মফিজুর রহমান, পিএসসি, পি ইঞ্জি, সিএমসি | - সদস্য |
| দ। | কর্ণেল জয়নুল আবেদীন (অবঃ) | - সদস্য |

২। সভার জন্য প্রয়োজনীয় কোরাম উপস্থিত থাকায়, সভাপতির অনুমতিক্রমে সভা শুরু করা হয়। সভার আলোচ্য সূচি ও সিদ্ধান্ত নিম্নরূপ ঃ

| আলোচ্যসূচি ও সিদ্ধান্ত | কার্যক্রম |
|---|---|
| **আলোচ্যসূচি- ০১ ঃ পবিত্র কোরআন থেকে অনুবাদসহ তেলাওয়াত**<br><br>বারিধারা ডিওএইচএস জামে মসজিদের মুয়াজ্জিন হাফেজ মাওলানা মোঃ আলী উসমান পবিত্র কোরআনের কয়েকটি আয়াত তেলাওয়াত ও তরজমা করেন। তিনি মহান আল্লাহ্‌র নিকট বারিধারা ডিওএইচএস পরিষদ ইসি সদস্যদের সু-স্বাস্থ্য ও সুন্দর জীবন কামনা করেন। তারপর অত্যন্ত বিনয়ের সাথে নিম্নে উল্লেখিত এবং পরিষদের ইসি সদস্য মিসেস সাবরিনা মফিজ এর রোগমুক্তি কামনায় দোয়া করেন। এছাড়াও যারা এ যাবৎ কাল পর্যন্ত আমাদের মাঝ থেকে চিরবিদায় নিয়েছেন তাদেরকে স্বরণ করেন এবং সর্বশক্তিমান মহান আল্লাহ তা'য়ালার নিকট সকলের রুহের মাগফেরাত কামনা ও শান্তির জন্য দোয়া করেন।<br><br>• মোঃ আব্দুস সালাম মিয়া - ১৯ জানুয়ারি ২০২৬<br>• রেহেনা বেগম, স্বামী: মরহুম লেঃ কমান্ডার দেলোয়ার হোসেন - ২৬ জানুয়ারি ২০২৬<br>• মেজর জেনারেল এ এম মনসুর আহমেদ - ২৭ জানুয়ারি ২০২৬<br>• মমতাজ বেগম, কর্ণেল মোঃ শহিদুল হক এর শাশুড়ী - ২৯ জানুয়ারি ২০২৬<br>• নির্মলা দাস, মেজর জেনাঃ জীবন কানাই দাস এর মাতা - ২৯ জানুয়ারি ২০২৬ | সেক্রেটারী |

| | |
|---|---|
| **আলোচ্যসূচি- ০২ ঃ প্রেসিডেন্ট এর উদ্বোধনী বক্তব্য ঃ**<br><br>উদ্বোধনী ভাষনে প্রেসিডেন্ট একজিকিউটিভ কমিটির ৬ষ্ঠ সভায় সকল সদস্যগন স্বতঃস্ফুর্তভাবে অংশ গ্রহণ করায় স্বাগত জানিয়ে এবং ধন্যবাদ জ্ঞাপন করে সভার কার্যক্রম শুরু করেন। কর্ণেল জয়নুল আবেদীন ডিওএইচএস সেন্ট্রাল কমিটি কর্তৃক ইসি সদস্য হিসাবে অনুমোদিত হওয়ায় স্বাগত জানান। তিনি উল্লেখ্য করেন কর্ণেল জয়নুল আবেদীন ইসিতে সংযুক্ত হওয়ার বর্তমান নির্বাহী কমিটির কাজের গতি ও পরিধি আরও উন্নত হবে। তিনি সকলকে রমজানানুল মোবারক জানান।<br><br>এরপর প্রেসিডেন্ট সেক্রেটারীকে আজকের অধিবেশনের মূল আলোচ্যসূচী পরিচালনা করার জন্য অনুরোধ জানান। | সকল ইসি সদস্যবৃন্দ |
| **আলোচ্যসূচি- ০৩ ঃ নির্বাহী কমিটির ৫ম ইসি সভার কার্যবিবরণী অনুমোদন।**<br><br>পরিষদ নির্বাহী কমিটির সেক্রেটারী মহোদয় ৫ম ইসি সভার কার্যবিবরণী অনুমোদনের জন্য উপস্থাপন করেন। সেক্রেটারী ৫ম সভার আলোচিত বিভিন্ন গুরুত্বপূর্ণ আলোচ্যসূচির উপর আলোকপাত করেন এবং পয়েন্টসমূহের গৃহিত সিদ্ধান্তের অগ্রগতি সম্পর্কে সংক্ষেপে সকলকে অবগত করেন। পরিশেষে, উক্ত কার্যবিবরণী অনুমোদনের জন্য ব্রিগেঃ জেনাঃ এম মফিজুর রহমান, পিএসসি, পি ইঞ্জি, সিএমসি (অবঃ) ইসি সদস্য প্রস্তাব করেন এবং কর্ণেল মোহাম্মদ ওয়ালী উল্লাহ (অবঃ), ভাইস প্রেসিডেন্ট সমর্থন করেন। ফলে কার্যবিবরনী সভায় অনুমোদিত হলো। | সকল ইসি সদস্যবৃন্দ |
| **আলোচ্যসূচি- ০৪ ঃ ইসি কর্তৃক জানুয়ারি ২০২৬ মাসের আর্থিক খরচের অনুমোদন**<br><br>বারিধারা ডিওএইচএস পরিষদের জানুয়ারি ২০২৬ মাসের আর্থিক খরচের বিষয়টি ট্রেজারার গ্রুপ ক্যাপ্টেন এস এম এ খালেদ, এনডিইউ, পিএসসি (অবঃ) কর্তৃক ইসিতে অনুমোদনের জন্য উপস্থাপন করেন এবং তিনি উক্ত মাসের ব্যালেন্সশীট সম্পর্কে সকলকে অবহিত করেন। জানুয়ারি ২০২৬ আয় ব্যয় এর ব্যাপারে সবাই সন্তুষ্টি প্রকাশ করেন। এছাড়াও তিনি জানান যে আগামী মার্চ ২০২৬ হতে বৎসরে এককালীন সাবস্ক্রিপশন পরিশোধ করার ক্ষেত্রে ১০% রিবিট বা ছাড় দেয়া বন্ধ করা উচিত বলে সকলকে অবহিত করেন। উপস্থিত সকল সদস্যগণ এই প্রস্তাবের সাথে একমত পোষণ করেন। ইসি অতি দ্রুত সম্ভব প্লট/ফ্লাট মালিকে এই সিদ্ধান্ত সম্পর্কে অবহিত করার সুপারিশ করেন। তিনি আরও জানান তালিকা অনুযায়ী বকেয়া সাবস্ক্রিপশন পরিশোধের জন্য পুনরায় পত্র প্রেরণ করা হবে। জানুয়ারি ২০২৬ মাসের আর্থিক খরচের অনুমোদনের জন্য ক্যাপ্টেন এম এম আজিজ, পিএসসি, বিএন (অবঃ), মেম্বার এ্যাডমিন প্রস্তাব করেন এবং কর্ণেল মোহাম্মদ ওয়ালী উল্লাহ (অবঃ), ভাইস প্রেসিডেন্ট সমর্থন করেন। জানুয়ারি ২০২৬ মাসের আর্থিক খরচ অনুমোদিত হল। | সকল ইসি সদস্যবৃন্দ |
| **আলোচ্যসূচি- ০৫ ঃ Discussion on Iftar party to be held on 07 Mar 2026.**<br><br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনা শেষে, পরিষদ প্রেসিডেন্ট উল্লেখ্য করেন যে, ডিওএইচএস বাসিন্দাগণের সন্তুষ্টির বিষয় বিবেচনা করে একটি ইফতার পার্টি সুন্দর ভাবে সম্পন্ন করতে হবে। ভাল মানের ইফতার পরিবেশনার জন্য যা যা করার দরকার তা করা হবে। ক্যাপ্টেন (বিএন) এম এম আজিজ, পিএসসি আগত ড্রাইভারদেরকেও ইফতার পরিবেশনার জন্য প্রস্তাব করেন ক্যাপ্টেন (বিএন) এম ওমর ফারুক, জি, পিএসসি (অবঃ) ইফতারের মেন্যু প্রস্তুত করে প্রেসিডেন্ট এর অনুমোদন এর পেশ করবেন। বাসিন্দাদের এসএমএস মাধ্যমে অবহিত করা হবে। কুপন ও রেজিষ্ট্রারে লিপিবদ্ধ করার সিদ্ধান্ত গৃহিত হয়। ড্রাইভারদের ইফতার গাড়ীতে পরিবেশন করা হবে। হালিম ব্যতীত ডিনারসহ সকল আইটেম সরবরাহ করা হবে। | সকল ইসি সদস্যবৃন্দ |

| | |
|---|---|
| **<u>আলোচ্যসূচি- ০৬ঃ Discussion on Calander of events -2026 (copy attached).</u>**<br><br>**<u>সিদ্ধান্ত</u> ঃ** বিস্তারিত আলোচনা শেষে, পরিষদের বার্ষিক অনুষ্ঠানসূচি কিছু অংশ সংশোধন পূর্বক সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় (কপি সংযুক্ত)। | সেক্রেটারী |
| **<u>আলোচ্যসূচি- ০৬ ঃ Enhancement of monthly salaries of all Porishod employees with effect from 01 July 2026.</u>**<br><br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনা শেষে, বর্তমানে বাজার মূল্যের উর্ধ্বগতির কারন এবং সরকারের আসন্ন বেতন কাঠামোর আলোকে পরিষদের সকল কর্মকর্তা/কর্মচারীদের বেতন-ভাতা বৃদ্ধি ও অন্যান্য সুযোগ-সুবিধার সমন্বয়ের বিষয়ে বিস্তারিত পর্যালোচনা করত: একটি পূর্ণাঙ্গ (Comprehensive) বেতন-ভাতা বৃদ্ধি/মূল্যায়ণের ব্যাপারে নিম্নবর্ণিত কমিটি গঠন করা হয় ঃ<br><br>ক। সভাপতি - কর্ণেল এম আব্দুল হাই (অবঃ) -প্রেসিডেন্ট<br>খ। সদস্য - ১ ঃ ব্রিগেঃ জেনাঃ এম নজীব হাসান, এনডিইউ, পিএসসি, জি (অবঃ) সিনিয়র ভাইস প্রেসিডেন্ট<br>সদস্য - ২ ঃ ব্রিগেঃ জেনাঃ শাহ মোঃ মহিউদ্দিন (অবঃ) - সেক্রেটারী<br>সদস্য - ৩ ঃ কর্ণেল জয়নুল আবেদীন (অবঃ) - সদস্য<br>সদস্য - ৪ ঃ গ্রুপ ক্যাপ্টেন এসএমএ খালেদ, এনডিইউ, পিএসসি (অবঃ) - ট্রেজারার<br>সদস্য - ৫ ঃ লেঃ কর্ণেল মোঃ আব্দুর রব (অবঃ) - মেম্বার সিকিউরিটি<br>সদস্য - ৬ ঃ মাস্টার ওয়ারেন্ট অফিসার উমোহাম্মদ সাইফুর রহমান (অবঃ) - একাউন্ট একজিকিউটিভ<br>গ। সদস্য সচিব ঃ ক্যাপ্টেন (বিএন) এম এম আজিজ, পিএসসি (অবঃ) - মেম্বার এ্যাডমিন<br><br>• **উক্ত কমিটি নিম্নবর্ণিত কার্যসমূহ সম্পাদন করবেন।**<br><br>ক। সরকারের সর্বশেষ বেতন কাঠামোর ক্যাটাগরি হিসাবে অত্র পরিষদের কর্মকর্তা/কর্মচারীদের পদবী (Grade) নির্ধারন করা।<br>খ। সরকারের সর্বশেষ বেতন কাঠামোর সুপারিশের আলোকে বেতন ভাতা নির্ধারন।<br>গ। পরিষদের আর্থিক দিক বিবেচনা করে বেতন ভাতা নির্ধারণের সুপারিশ করন।<br>ঘ। বিবিধ।<br><br>উক্ত কমিটি আগামী মার্চ ২০২৬ মাসের মধ্যে কার্য সম্পাদন পূর্বক পরবর্তী নির্বাহী কমিটি সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করবেন। উল্লেখ্য যে, এ ব্যাপারে পরিষদ সেক্রেটারীয়েট শাখা সকল ধরণের সহযোগিতা প্রদান করবে। গত ৩০ নভেম্বর ২০২৫ তারিখের পত্র নং- ডিওএইচএস-বা/১১১/এ্যাডমিন বাতিল করা হবে। | সেক্রেটারী |

| | |
|---|---|
| **আলোচ্যসূচি- ০৭ ঃ Selection of some Sy Guards as Senior Guards**<br><br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনা শেষে, নিয়োগ কমিটির মাধ্যমে জেষ্ঠ্যতা এবং যোগ্যতার ভিত্তিতে কিছু সিনিয়র সিকিউরিটি গার্ড পদে পদোন্নতি দেয়ার সিদ্ধান্ত নেওয়া হয়। বিবেচনার জন্য একজন গার্ডের চাকুরীর বয়স নূন্যতম ১২ বছরের উর্দ্ধে হতে হবে। | সেক্রেটারী |
| **আলোচ্যসূচি- ০৯ ঃ Approval of one Ride for the children park spending Tk. 60,000/-. One or two rides in new park of Road 9 (East).**<br><br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনা শেষে রোড নং ৯ পূর্ব পাশে অবস্থিত শিশু পার্কে রাইড স্থাপন করার সিদ্ধান্ত গৃহিত হয় যাহার আনুমানিক মূল্য ৬০,০০০/- (ষাট হাজার) টাকা। যতদ্রুত সম্ভব এ ব্যাপারে ব্যবস্থা গ্রহণের জন্য পারসেজ সাব-কমিটিকে দায়িত্ব দেয়া হয়। | সেক্রেটারী |
| **আলোচ্যসূচি- ১০ ঃ এডিআর এবং আইটি এন্ড কমিউনিকেশন সাব-কমিটিতে ২ জন সদস্য অন্তর্ভূক্ত করার বিষয়টি অবহিত করণ।**<br><br>**সিদ্ধান্ত ঃ** বিষয়ে বর্ণিত ব্যাপারে ইসিতে বিস্তারিত আলোচনা শেষে, 2nd Generation থেকে এডিআর ও আইটি সাব-কমিটি ১ জন করে নিম্নবর্ণিত অভিজ্ঞ ২ জনকে কো-অপ্ট সদস্য হিসাবে মনোনীত করার সিদ্ধান্ত গৃহিত হয়। এ ব্যাপারে তাদের নিকট অতিদ্রুত পত্র প্রেরণ করা হবে।<br><br>ক। জনাব আব্দুর রহিম আজাদ (বিজয়) - কো-অপ্ট সদস্য এডিআর সাব-কমিটি<br>বাড়ী # ৪৭১, রোড # ০৮<br>বারিধারা ডিওএইচএস<br><br>খ। জনাব এম শাহজাদ হোসাইন জিসান - কো-অপ্ট সদস্য আইটি এন্ড কমিউনিকেশন সাব-কমিটি<br>বাড়ী # ১৯৬, রোড # ০২<br>বারিধারা ডিওএইচএস | সেক্রেটারী |
| **আলোচ্যসূচি- ১১ ঃ Any other business.**<br><br>ক। ক্যাপ্টেন এম এম আজিজ, পিএসসি (বিএন) মেম্বার এ্যাডমিন জানান যে, ১৭ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ হতে কনভেনশন সেন্টার সংলগ্ন পাবলিক ওয়াশ রুম/টয়লেট খোলা হবে। উক্ত টয়লেট খোলা ও বন্ধ করা এবং পরিস্কার পরিছন্ন রাখার জন্য পরিষদ অফিসের ক্লিনার মোঃ কালামকে অতিরিক্ত কাজের জন্য মাসিক ৩,০০০/- (তিন হাজার) টাকা প্রদান করার প্রস্তাব করেন। উক্ত প্রস্তাব সর্ব-সম্মতিক্রমে অনুমোদিত হয়। | ট্রেজারার |
| খ। ১২ ফেব্রুয়ারি ২০২৬ জাতীয় নির্বাচন অনুষ্ঠিত হওয়ার জন্য সরকার কর্তৃক ৪ দিন সকল অফিস আদালত, সরকারী-আধা সরকারী, বেসরকারী প্রতিষ্ঠান বন্ধ ছিল বিদায় মানবিক দিক বিবেচনা করে রিক্সা ঠিকাদারদের ৪ দিনের ৫০% টাকা মওখুফ করার সব-সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | ট্রেজারার |
| গ। এয়ার কমডোর এসএমজি ইয়াজদানী, পিএসসি, পিএইচডি (অবঃ), ইসি সদস্য জানান যে, বাড়ী # ৪৮৪, রোড # ০৮ নীচ তলায় গ্যারেজের কোনায় অননুমোদিত একটি দোকান অনেক দিন থেকে পরিচালনা করে আসছে। উক্ত দোকানে বিভিন্ন ধরনের লোকজন আনা গোনা করে এবং বিভিন্ন সময়ে বিশৃঙ্খলা সৃষ্টি করছে। আশে পাশের বাসিন্দাগণ এ ব্যাপারে অভিযোগ করছে।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনা শেষে যথা দ্রুত সম্ভব এ ব্যাপারে মেম্বার সিকিউরিটি প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করবেন। | মেম্বার সিকিউরিটি |

| | |
|---|---|
| ঘ। গ্রুপ ক্যাপ্টেন এস এম এ খালেদ, এনডিইউ, পিএসসি (অবঃ), ট্রেজারার ও কনভেনার মসজিদ ম্যানেজমেন্ট সাব-কমিটি সভায় নিম্নবর্ণিত পয়েন্ট জ্ঞাত করেনঃ<br><br>১। মসজিদ সম্মানিত মুসল্লীদের জন্য ১ টি টয়লেট ব্যবহার জন্য আছে। অনেক মুসল্লী মসজিদে ইতেকাফ বসলে ১ টি টয়লেট সংকুলান হয় না বিধায় আরও ১টি নতুন টয়লেট নির্মাণ করা যেতে পারে।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনা শেষে, মসজিদ সাব-কমিটির সদস্যগণ সরজমিনে যাচাই বাছাই করে আরও একটি নতুন টয়লেট স্থাপন করার উদ্দ্যোগ গ্রহন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | মসজিদ সাব-কমিটি |
| ২। মসজিদে মহিলাদের নামাজের জায়গায় সৌন্দর্য্য বর্ধন (ইনটরিয়ার/ডেকোরেশন) করার প্রস্তাব করেন।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনা শেষে, প্রস্তাবিত মেটালিক পার্টিশন তৈরীর প্রস্তাব ইসি কর্তৃক অনুমোদিত হয়নি। তবে এস এস পাইপ দিয়ে পর্দা লাগানো যেতে পারে বলে সিদ্ধান্ত গৃহিত হয়। | মসজিদ সাব-কমিটি |
| ৩। মসজিদে নীচ তলায় ৪টি এসি স্থাপনের জন্য গত বার্ষিক সাধারণ সভায় অনুমোদিত হয়। আসন্ন গ্রীস্ম/গরমের পূর্বে স্থাপন করার প্রস্তাব করেন।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনা শেষে, মসজিদে জেনারেল ব্রান্ড কোম্পানীর ২টি এসি স্থাপনের সিদ্ধান্ত গৃহিত হয়। এ ব্যাপারে দ্রুত সম্ভব পারসেজ সাব-কমিটি কার্যক্রম গ্রহন করবেন। | পারসেজ কমিটি |
| ঙ। ক্যাপ্টেন এম ওমর ফারুক, জি, পিএসসি (অবঃ), সদস্য ইসি সভায় উপস্থাপন করেন যে, ২০১৮ সালে বারিধারা ডিওএইচএস জামে মসজিদের সয়েল টেষ্ট এমআইএসটি দিয়ে পরিক্ষা করা হয়। যেহেতু বিগত বার্ষিক সাধারন সভায় ২০২৫-২০২৬ একটি মিনার নির্মাণের সিদ্ধান্ত গৃহিত হয়। উক্ত মিনার নির্মাণের পূর্বে প্রাইভেট কোম্পানী ও এমআইএসটি মাধ্যমে মাটি পরীক্ষা (Soil testing) করার প্রস্তাব করেন।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনা শেষে, প্রস্তাবটি সর্ব-সম্মতিক্রমে অনুমোদিত হয়। এ ব্যাপারে যথাশ্রীগ্র সম্ভব এমআইএসটি নিকট পত্র পেরণ করা হবে। | কনভেনার, মসজিদ সাব-কমিটি |
| চ। কর্ণেল মোহাম্মদ ওয়ালী উল্লাহ (অবঃ) ভাইস প্রেসিডেন্ট সভায় নিম্নবর্ণিত পয়েন্ট জ্ঞাত করেনঃ<br><br>১। বারিধারা ডিওএইচএস জামে মসজিদের আগত সম্মানিত মুসুল্লিগণ জানান যে, সিনিয়র মুয়াজ্জিনকে যেহেতু ভারপ্রাপ্ত ইমাম হিসাবে নিয়োগ দেয়া হয়েছে। তাই তাকে ইমাম হিসাবে গন্য করা যেতে পারে।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনা শেষে, এখন হতে তাকে ভারপ্রাপ্ত ইমাম হিসাবে সম্বোধন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | সকল ইসি সদস্য |
| ২। কিছু কিছু বাসিন্দা অভিযোগ করেন যে, রিক্সা চালক ২০ টাকার ভাড়া ৩০ টাকা আবদার করে। সিকিউরিটি গার্ডকে জিজ্ঞাসা করা হলে গার্ড বলে ৩০ টাকা ভাড়া। এখানে গার্ডদের ব্যাপারে অজ্ঞাতা দূরীকরনে মেম্বার সিকিউরিটি রিক্সার ভাড়ার তালিকা সকল গার্ডদের অবহিত করবেন। | মেম্বার সিকিউরিটি |

| | |
|---|---|
| ছ। ডাঃ পারভীন হক চৌধুরী, সদস্য ইসি ও কনভেনার লেডিস ক্লাব সভায় উপস্থাপন করেন যে, বারিধারা ডিওএইচএস লেডিস ক্লাব সদস্যাদের বসার জন্য ৮টি ফোল্ডিং টেবিল এবং ২টি ইলেকট্রিক কেটলি ক্রয়ের জন্য প্রস্তাব করেন।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনা শেষে, সর্ব-সম্মতিক্রমে অনুমোদিত হয়। | সেক্রেটারী ও কনভেনার লেডিস ক্লাব |
| ৭। নির্বাহী কমিটির পরবর্তী সভা আগামী **৩১** মার্চ ২০২৬ (মঙ্গলবার), সন্ধ্যা ১৯০০ ঘটিকায় অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহীত হয়। | সেক্রেটারী |
| **আলোচ্যসূচি - ১২ ঃ প্রেসিডেন্ট এর সমাপনী বক্তব্য ঃ** সভায় উপস্থিত থাকার জন্য এবং সক্রিয়ভাবে আলোচনায় অংশগ্রহণ করার জন্য প্রেসিডেন্ট নির্বাহী কমিটির সকল সদস্যদেরকে পুনরায় ধন্যবাদ ও শুভ কামনা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন। | |

ব্রিগেঃ জেনাঃ শাহ মোঃ মহিউদ্দিন (অবসরপ্রাপ্ত)
সেক্রেটারী
০৩ মার্চ ২০২৬

**অনুমোদনক্রমে ঃ-**

কর্নেল এম আব্দুল হাই (অবসরপ্রাপ্ত)
প্রেসিডেন্ট
০৩ মার্চ ২০২৬

**কার্যক্রম ঃ**

সম্মানিত নির্বাহী কমিটির সদস্যবৃন্দ
হিসাব শাখা
কনভেনশন সেন্টার শাখা